দৈনিক
আমাদের সময়

তারিখ ..05 JUN 2016...
পৃষ্ঠা ..২... কলাম ..৬.......

# অ্যাভিয়েশন বিশ্ববিদ্যালয় করা হবে: পর্যটনমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক •

বেসামরিক বিমান ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, বাংলাদেশি তরুণদের কর্মসংস্থান সৃষ্টি করতে সরকার দেশে একটি অ্যাভিয়েশন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছে। তিনি আরও বলেন, অচিরেই এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

গতকাল 'ভিজিট বাংলাদেশ ২০১৬ : এভিয়েশন সেক্টরের ভূমিকা ও প্রভাব' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন। ট্রাভেল ম্যাগাজিন 'ভ্রমণ' এবং বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের যৌথ উদ্যোগে রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে এ সেমিনারের আয়োজন করা হয়। রাশেদ খান মেনন বলেন, আমাদের দেশে গার্মেন্ট সেক্টরের পর পর্যটন খাত দাঁড়াতে পারে। কিন্তু আমরা মানসিকভাবে এটা এখনো মাথায় নিতে পারছি না। পর্যটন খাতে অর্থের সংকট রয়েছে। এবার বাজেটে ১০০ কোটি টাকা বাড়ানো হয়েছে, কিন্তু সেটাও পর্যাপ্ত নয়। পর্যটনমন্ত্রী বলেন, গত কয়েক বছর দেশের মানুষের আর্থিক সচ্ছলতার কারণে ট্যুরিস্ট স্পটগুলোতে অনেক ভিড় লক্ষ করা গেছে। সম্প্রতি আমরা মানুষের মধ্যে পর্যটনের ধারণা প্রতিষ্ঠিত করতে পেরেছি। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. রফিকুজ্জামানের সভাপতিত্বে সেমিনারে বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন, কম্পট্রোলার জেনারেল অব বাংলাদেশ মাসুদ হোসেন, মালয়েশিয়া-বাংলাদেশ চেম্বারের সাবেক সভাপতি নাসির এ চৌধুরী, বিটিবির সিইও আখতারউজ্জামান খান কবির প্রমুখ বক্তৃতা করেন।